

২২২০

Ms. Sayeda  
22/02/2020

22/2/2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
মহাপরিচালকের কার্যালয়  
রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (আরএন্ডডি) সেল  
পরিসংখ্যান ভবন  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

স্মারক নং- ৫২.০১.০০০০.৯০২.১৮.০০১.১৯-২৮

তারিখ: ১৪ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ  
২৮ জানুয়ারি ২০২০ খ্রি.

**অফিস আদেশ**


জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) “পরিসংখ্যান আইন, ২০১৩” অনুযায়ী দেশের জনসংখ্যা, কৃষি, শিল্প ও বাণিজ্য, স্বাস্থ্য ও জনমিতি, আর্থ-সামাজিক, দারিদ্র, শ্রমশক্তি, পরিবেশগত প্রভৃতি বিষয়ে সঠিক, নির্ভরযোগ্য, মানসম্মত ও সময়োপযোগী পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে। বিবিএস ও অন্যান্য সংস্থা কর্তৃক পরিচালিত শুমারি/জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ, অভিক্ষেপ, প্রবণতা, পূর্বাভাস প্রভৃতি বিষয়ে অধিক সক্ষমতা উন্নয়নকল্পে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর ২৮ জুলাই ২০১৯ খ্রি. তারিখের নং- ৫২.০০.০০০০.০০৫.২২.৮৫২.১৬.৩০১৮ সংখ্যক স্মারকে "রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (আরএন্ডডি) সেল" গঠন করা হয়। তৎপ্রেক্ষিতে “পরিসংখ্যান আইন, ২০১৩” এর ২২ ধারার প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত কর্মকর্তাকে "রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (আরএন্ডডি) সেল" পরিচালনার নিমিত্ত 'ফোকাল পয়েন্ট'/'সেল প্রধান'- এর দায়িত্ব প্রদান করা হলো।

ক্রমিক	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	মুঠোফোন ও ইমেইল
০১	জনাব মোঃ মিজানুর রহমান উপপরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস	মুঠোফোন: ০১৯১১৯৩৬৩০২ ইমেইল: mizanstat@gmail.com

**০২। কার্য-পরিধি:**

- ক) পরিসংখ্যান ব্যবস্থাপনার উন্নয়নের লক্ষ্যে রিসার্চ প্লান এবং বিবিএস ও অন্যান্য সংস্থা কর্তৃক পরিচালিত শুমারি/জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ, অভিক্ষেপ, প্রবণতা, পূর্বাভাস প্রভৃতি প্রস্তুত করা;
- খ) তথ্য-উপাত্ত বিশ্লেষণের জন্য আন্তর্জাতিক মানদণ্ড ও টেকসই উন্নয়ন অডীট (এসডিজি) এর মেটাডাটা অনুযায়ী বিভিন্ন শুমারি/জরিপের সংজ্ঞা, শ্রেণিকরণ, কনসেপ্ট, প্রশ্নপত্র প্রস্তুতে সহায়তা করা;
- গ) Thematic Area ভিত্তিক প্যানেল ডাটা বিশ্লেষণ, প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ করা;
- ঘ) ক্ষুদ্র ক্ষুদ্র এলাকাভিত্তিক সঠিক দরিদ্রতা পরিমাপে সহায়তার লক্ষ্যে পোভার্টি ম্যাপ প্রস্তুত করা;
- ঙ) তথ্য-উপাত্ত বিশ্লেষণ, অভিক্ষেপ, প্রবণতা, পূর্বাভাস প্রভৃতি প্রস্তুতপূর্বক জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক জার্নালে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা;
- চ) শুমারি/জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ, অভিক্ষেপ, প্রবণতা, পূর্বাভাস প্রভৃতি প্রস্তুতে সভা, কর্মশালা, সেমিনার প্রভৃতির আয়োজন করা;
- ছ) বিবিএস এর সকল উইং এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/উন্নয়ন সহযোগী সংস্থার সাথে সমন্বয়ের নিমিত্ত একই প্ল্যাটফর্মে আনার জন্য উদ্যোগ গ্রহণ করা;
- জ) এ সংক্রান্ত গঠিত টেকনিক্যাল উপদেষ্টা কমিটি-কে সাচিবিক সহায়তা প্রদান করা; এবং
- ঝ) এছাড়াও, কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় অন্যান্য দায়িত্বপালন করা।

- ০৩। ফোকাল পয়েন্টের দায়িত্ব প্রদান সংক্রান্ত গত ২৯/০৭/২০১৯ খ্রি. তারিখের ৫২.০১.০০০০.০০০.১৮.০০১.১৮.৪৫৮৫ সংখ্যক স্মারকের অফিস আদেশটি এতদসঙ্গে বাতিল করা হলো।
- ০৪। বর্ণিত কর্মকর্তা মহাপরিচালক, বিবিএস-এর তত্ত্বাবধান ও নির্দেশনা মোতাবেক আরএন্ডডি সেল সংক্রান্ত সার্বিক কার্যক্রম পরিচালনা করবেন।
- ০৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

  
(মোহাম্মদ তাজুল ইসলাম)  
মহাপরিচালক  
(অতিরিক্ত সচিব)  
ফোন: ০২-৫৫০০৭০৫৬  
ইমেইল: dg@bbs.gov.bd

**বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১. পরিচালক (সকল), ..... উইং, বিবিএস, ঢাকা।
০২. প্রকল্প পরিচালক (সকল), ..... প্রকল্প, বিবিএস, ঢাকা।
- ০৩। যুগ্মপরিচালক (সকল), ..... উইং, বিবিএস, ঢাকা।
০৪. যুগ্মপরিচালক (সকল), বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/ময়মনসিংহ।
০৫. ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল), ..... বিবিএস, ঢাকা।
০৬. উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয় (সকল),..... জেলা।
০৭. জনাব মোঃ মিজানুর রহমান, উপপরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
৫৮. প্রোগ্রামার, কম্পিউটার উইং, বিবিএস ( বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯. অফিস কপি।

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৩. মাননীয় পরিকল্পনামন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৪. স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস।
০৫. ব্যক্তিগত সহকারী, উপমহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।